আজকের কাগজ

705

তারিখ ... 16 OCT-1995 ...
পৃষ্ঠা ... কলাম ...

### এইচএসসি'র ফলাফল

# যশোর বোর্ডে সম্মিলিত পাসের হার ৪২ দশমিক ৬২

যশোর ব্যুরো থেকে মনিরুল ইসলাম চৌধুরী ঃ যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল গতকাল রবিবার প্রকাশিত হয়েছে। পরীক্ষায় সম্মিলিত পাশের হার ৪২ দশমিক ৬২। মানবিক বিভাগে পাশের হার ৪০ দশমিক ১০। বিজ্ঞান বিভাগে পাশের হার ৫২ দশমিক ৮৩। বাণিজ্য বিভাগে পাশের হার ৪৯ দশমিক ১০। সম্মিলিত পাশের হার ছাত্রদের ক্ষেত্রে ৪১ দশমিক ৬১। ছাত্রীদের ক্ষেত্রে ৪৪ দশমিক ৬৯। মোট ৯২ হাজার ৪৭০ জন অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৩৯ হাজার ৪০৯ জন উত্তীর্ণ হয়েছে। অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ৬২ হাজার ১৭৫ জন এবং ছাত্রী ৩০ হাজার ২৯৫ জন। সম্মিলিতভাবে মোট পরীক্ষার্থীদের মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ৭ হাজার ৬১৩ জন। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ২৬ হাজার ৩৮৫ জন এবং তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ৫ হাজার ৪১১ জন। মানবিক বিভাগে পাশের হার ৪০ দশমিক ১০।

বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষায় অংশ নিয়েছে ৯ হাজার ৯১৮ জন। এর মধ্যে ১ম বিভাগে উত্তীর্ণ হয়েছে ১ হাজার ৮৪৩ জন। ২য় বিভাগে উত্তীর্ণ হয়েছে ৩ হাজার ১৫ জন এবং তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ৩৮২ জন। পাশের হার ৫২ দশমিক ৮৩।

মানবিক বিভাগে মোট পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে ৭১ হাজার ১৭৯ জন। উত্তীর্ণ হয়েছে ২৮ হাজার ৫৪৫জন। এদের মধ্যে ১ম বিভাগে ৪ হাজার ৬৪২ জন। দ্বিতীয় বিভাগে ১৯ হাজার ৫৬০ জন এবং তৃতীয় বিভাগে ৪ হাজার ৩৪৩ জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার ৪০ দশমিক ১০।

বাণিজ্য বিভাগে মোট পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে ১১ হাজার ৩৭৩ জন। উত্তীর্ণ হয়েছে ৫ হাজার ৬২৪জন। এদের মধ্যে ১ম বিভাগে ১ হাজার ১২৮ জন, দ্বিতীয় বিভাগে ৩ হাজার ৮১০ জন এবং তৃতীয় বিভাগে ৬৮৬জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার ৪৯ দশমিক ৫৫।

বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকা প্রথম হয়েছে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র রুবায়েত আদনান। চার বিষয় লেটার মার্কসসহ তার প্রাপ্ত নম্বর ৯২০। মানবিক বিভাগে যৌথভাবে প্রথম হয়েছে পটুয়াখালী সরকারি কলেজের ছাত্রী নাসরীন সুলতানা ও যশোর সরকারি মহিলা কলেজের ছাত্রী ইসরাত জাহান তাদের প্রাপ্ত নম্বর ৮৬৫। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে সরকারি বিএম কলেজের ছাত্রী মোসাম্মত আসমা জাহান খুশী। তার প্রাপ্ত নম্বর ৮২০।